ISO 9001 : 2015 Certified

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
সদর দপ্তর
হাজীগঞ্জ, চাঁদপুর
pbs1.chandpur.gov.bd

নম্বর: ২৭.১২.১৩৪৯.৫০৪.০২.০০৮.১৯.৯৮২

তারিখ: ১৯ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
০৩ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: "নিয়োগ বিজ্ঞপ্তি"

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ "দৈনিক মজুরি ভিত্তিতে" নিম্নোক্ত শর্তে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে "নিরাপত্তা প্রহরী " পদে নিয়োগের প্যানেল তৈরির নিমিত্তে যোগ্যতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ভৌগোলিক এলাকার স্থায়ী বাসিন্দা নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	শূণ্য পদের সংখ্যা	বয়স সীমা	প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	মজুরী	যে জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন
০১	নিরাপত্তা প্রহরী (দৈনিক মজুরী ভিত্তিতে) পুরুষদের জন্য সংরক্ষিত	০১ (এক) টি	২০/০৭/২০২৩খ্রিঃ তারিখে অনুর্ধ্ব ১৮(আঠার) বছর এবং শারিরিকভাবে সক্ষম ব্যক্তিগনের ক্ষেত্রে অনুর্দ্ধ ৬৫ বছর ।	(ক) প্রার্থীকে নুন্যতম ৮ম শ্রেনী/সমমান পাশ থাকতে হবে। (খ) প্রার্থীকে বাংলা ও ইংরেজী ভাষায় লেখা ও পড়ার নুন্যতম দক্ষতা থাকতে হবে। (গ) প্রার্থীকে সৎ ও সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তিত্ব সম্পন্ন এবং শারিরীকভাবে সক্ষম হতে হবে।	দৈনিক ৪০০.০০ (চারশত) টাকা এবং (দৈনিক রাত্রিকালীন ০৮ ঘন্টা সময়কালের জন্য দায়িত্ব পালনে নিয়োজিত থাকবেন)।	চাঁদপুর জেলার চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ভৌগোলিক এলাকায় স্থায়ী ভাবে বসবাসকারী (হাজীগঞ্জ, কচুয়া ও শাহরাস্তি) শুধুমাত্র পুরুষ প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

শর্তাবলী:

নির্ধারিত আবেদন ফরম (ভার্সন-০১) চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ http://pbs1.chandpur.gov.bd এর ওয়েব সাইট হতে ডাউনলোড করে সংগ্রহ করতে হবে (পূরণযোগ্য প্রবেশপত্র সহ)। আবেদন ফরম A4 সাইজের কাগজে হতে হবে।

নির্ধারিত আবেদন ফরম (ভার্সন-০১) ব্যতীত অন্য কোন আবেদন ফরমে আবেদন করলে আবেদন বাতিল বলে গণ্য হবে এবং আবেদন ফরমটি আবেদনকারীকে স্বহস্তে পূরণ করতে হবে।

অসম্পূর্ণ আবেদনপত্র তথা নির্ধারিত আবেদনপত্রটি যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভূল তথ্য প্রদান করা হলে বা আবেদনকারী কর্তৃক স্বাক্ষর করা না হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়ার অর্থাৎ লিখিত পরীক্ষার পূর্বে বা পরে যেকোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদনপত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেক্ষেত্রে "প্রযোজ্য নয়" উল্লেখ করতে হবে।

আবেদনপত্রের সাথে প্রার্থীর চাহিত সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদপত্রের অনুলিপি (মার্কশীট/প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়), ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ, সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের রঙ্গীন ছবি (১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে) এবং **"জেনারেল ম্যানেজার, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১"**, সদর দপ্তর, হাজীগঞ্জ, চাঁদপুর এর অনুকূলে ১০০/- (একশত) টাকার ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।

০৫। বর্ণিত শূণ্য পদের সংখ্যা নিয়োগ প্রদানকালীন সময়ে কম/বেশী হতে পারে।

প্রার্থী কর্তৃক তার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা, নিজ জেলাসহ আবেদনপত্রে প্রদত্ত অন্যান্য যেকোন তথ্য অসম্পূর্ন বা অসত্য বা অসঙ্গতি প্রমাণিত হলে আবেদনকারীর প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

এ ধরনের অস্থায়ী ভিত্তিতে নিয়োগ ভবিষ্যতে কোন ক্রমেই স্থায়ী করা হবে না এবং এ বিষয়ে আপনার কোন দাবীও গ্রহণযোগ্য হবে না। চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর যতদিন প্রয়োজন ততদিন "দৈনিক মজুরী" ভিত্তিতে এ নিয়োগ বলবৎ থাকবে।

কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

আবেদনপত্র **আগামী ২০/০৭/২০২৩ খ্রিঃ** তারিখে অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিস এর মাধ্যম প্রেরণ করতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

নিয়োগ পরীক্ষা যে তারিখে অনুষ্ঠিত হবে তা আবেদনকারীকে প্রেরিত প্রবেশপত্র রেজিস্টার্ড ডাকের মাধ্যমে জানানো হবে। এছাড়াও পুরণকৃত ফরমের প্রদত্ত মোবাইল ফোন নম্বরে SMS এর মাধ্যমে জানানো হবে।

শারিরীক সক্ষমতা যাচাই ও মৌখিক ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে এবং পুলিশ প্রশাসন কর্তৃক প্রার্থীর প্রাক-পরিচয় যাচাই করা হবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে / কোন প্রকার তথ্য গোপনের সত্যতা পাওয়া গেলে তাৎক্ষনিকভাবে প্রার্থীর কাজের অনুমতিপত্র বাতিল করা হবে।

প্রার্থীকে চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ইনডোর উপকেন্দ্র / সুইচিং স্টেশনে নিরাপত্তার কাজ দায়িত্ব পালন করতে হবে এবং কাজের অনুমতি প্রদানের সময় নিরাপত্তা কর্মী কর্তৃক নিরাপত্তা জামানত হিসেবে ১০,০০০/- (দশ হাজার) টাকা সমিতির অনুকুলে জমা প্রদান করতে হবে , যা সন্তোষজনক সেবা প্রদান শেষে সমিতি কর্তৃক ফেরত প্রদান করা হবে।

আবেদনকারী **"চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর জেনারেল ম্যানেজার"** বরাবর খামের উপর পদের নাম উল্লেখ পূর্বক নির্ধারিত ছকে আবেদনপত্র স্বহস্তে পূরন করে চাহিত কাগজপত্রাদি সহ প্রেরণ করতে হবে।

সংযুক্তি: ১ প্রস্থ সংযুক্ত।

০৩-০৭-২০২৩
মোঃ আতিকুজ্জামান চৌধুরী
জেনারেল ম্যানেজার
০১৭৬৯৪০০০১৬
chandpbs@yahoo.com

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড;
২। জেলা প্রশাসক, চাঁদপুর।;
৩। পুলিশ সুপার, চাঁদপুর।;
৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা, হাজীগঞ্জ/কচুয়া/শাহরাস্তি উপজেলা, চাঁদপুর।;
৫। ডিজিএম, ডিজিএম এর দপ্তর (জোনাল অফিস), চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১;
৬। ডিজিএম (টেকনিক্যাল), ডিজিএম (কারিগরী) বিভাগ, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১;
৭। ডিজিএম, শাহরাস্তি জোনাল অফিস, চাঁদপুর পবিস-১;
৮। এজিএম (ওএন্ডএম), সাচার সাব জোনাল অফিস, চাঁদপুর পবিস-১;
৯। এজিএম (প্রশাসন), প্রশাসন বিভাগ, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১;
১০। এজিএম (সদস্য সেবা), সদস্য সেবা বিভাগ, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১;
১১। এজিএম (ওএন্ডএম), ওএন্ডএম বিভাগ, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১;
১২। এজিএম (আইটি), আইটি বিভাগ, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১;
১৩। এজিএম (অর্থ-হিসাব), অর্থ (হিসাব) বিভাগ, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১;
১৪। এজিএম (ইএন্ডসি), ইএন্ডসি বিভাগ, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এবং
১৫। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি) চঃ দাঃ, প্রশাসন বিভাগ, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ (বিজ্ঞপ্তিটি অত্র পবিস এর ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনাসহ)।

সকল সংযুক্তিসমূহ:

(১) আবেদন ফরম

ISO 9001:2015 Certified

ফরম নং-পমানপ ১১০-০০২, ভার্সন-০১

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর দৈনিক মজুরী ভিত্তিতে " নিরাপত্তা প্রহরী" **পদে নিয়োগ/প্যানেল তৈরীর আবেদন ফরম।**

(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

জেনারেল ম্যানেজার
চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
হাজীগঞ্জ, চাঁদপুর।

১.আবেদনকৃত পদের নাম- .....

২. পদের ধরন : দৈনিক মজুরী ভিত্তিতে .....

৩. **বিজ্ঞাপনের সূত্র** : .....

৪. **প্রকাশনার তারিখ** .....

৫. **আবেদনকারীর পূর্ণ নাম** .....

৬. **জন্ম তারিখ** (ভোটার আইডি ও জন্মসনদ অনুযায়ী) .....

৭. **মাতার নাম** .....

৮. **বয়স (২০/০৭/২০২৩ খ্রিঃ তারিখে)** .....

৯. **পিতার নাম** .....

১০. **ধর্ম** .....

১১. **জাতীয়তা** ও ভোটার আইডি নং- .....

১২. **নিজ জেলা** .....

১৩. **টেলিফোন/ মোবাইল নম্বর** .....

১৪. **বৈবাহিক অবস্থা** (টিক দিন) [ ] বিবাহিত [ ] অবিবাহিত

১৫. **কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√) দিনঃ**

[ ] **মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র** [ ] **মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র** [ ] **এতিম ও শারিরীক প্রতিবন্ধি**

[ ] **উপজাতি** [ ] **আনসার ও গ্রাম** [ ] **অন্যান্য**

১৬. স্থায়ী ঠিকানাঃ

ক. গ্রাম/সড়ক/বাড়ী ..... **খ. ডাকঘর** ..... **গ. উপজেলা/থানা** ..... **ঘ. জেলা** .....

১৭। ব্যাংক ড্রাফট ..... **১৮। ব্যাংক ড্রাফটের মূল্য** ..... **১৯। ক্রয়ের তারিখ** .....

মোঃ মহিউদ্দিন
এজিএম (এইচ আর)
চাঁদপুর পবিস-১

২০. যে ঠিকানায় প্রার্থী নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ

.....	.....	.....	.....
ক. গ্রাম/সড়ক/বাড়ী	খ. ডাকঘর	গ. উপজেলা/থানা	ঘ. জেলা

২১. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে) :

পরীক্ষার নাম	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	প্রাপ্ত বিভাগ/শ্রেনী/সিজিপিএ	সার্টিফিকেট অর্জনের বছর

২২. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে) :

নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা	চাকুরীর/পদের নাম ও বেতনক্রম	যোগদানের তারিখ	চাকুরী পরিত্যাগের তারিখ

২৩. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যাক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত) :

নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মোবাইল নং এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে)
১।
২।

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত যে সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদন পত্রে কোন তথ্য গোপন অথবা ভুল বা মিথ্যা তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে চাঁদপুর পবিস-১ কর্তৃপক্ষের নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে চাঁদপুর পবিস-১ কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো।

----------	----------
তারিখ	আবেদনকারী স্বাক্ষর

মোঃ মহিউদ্দিন
এজিএম (এইচ আর)
চাঁদপুর পবিস-১